



প্রেস রিলিজ
২৮ জানুয়ারি ২০২৬

ধারাবাহিক মানোন্নয়ন ও গবেষণায় জোর দিলে আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন সম্ভব: বাটিবি উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাটিবি) ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর উদ্দোগে আয়োজিত বাটিবির বিভিন্ন স্কুলের শিক্ষকদের নিয়ে "বৈশ্বিক স্বীকৃতির পথে অগ্রযাত্রা: বিশ্ববিদ্যালয়ের উচ্চতর র্যাঙ্কিং অর্জনের কৌশল" বিষয়ক দিনব্যাপী এক প্রশিক্ষণ আজ ২৮ জানুয়ারি ২০২৬ তারিখ বুধবার সকাল ১০:০০ টায় বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসের সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে (লেকচার গ্যালারী) অনুষ্ঠিত হয়।

আইকিউএসি'র পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ জহির রায়হানের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রশিক্ষণ প্রোগ্রামে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি যুক্ত হয়ে বক্তব্য রাখেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। তিনি বলেন, "বৈশ্বিক স্বীকৃতি ও উচ্চ র্যাঙ্কিং অর্জন কোনো এককালীন বিষয় নয়; এটি একটি ধারাবাহিক ও কৌশলগত মানোন্নয়ন প্রক্রিয়া। বর্তমান বিশ্বে বিশ্ববিদ্যালয় র্যাঙ্কিং শিক্ষার মান, গবেষণা, শিক্ষক-শিক্ষার্থীর সক্ষমতা, প্রশাসনিক দক্ষতা ও আন্তর্জাতিক দৃশ্যমানতার প্রতিফলন। উন্মুক্ত ও দ্রুশিক্ষা ব্যবস্থার মাধ্যমে বৃহৎ শিক্ষার্থী জনগোষ্ঠীকে উচ্চশিক্ষার আওতায় আনার ক্ষেত্রে বাটিবি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এই শক্তিগুলোকে বৈশ্বিক মানদণ্ডের আলোকে উপস্থাপন করাই এখন সময়ের দাবি"।

আইকিউএসি কেবল প্রশাসনিক কাঠামো নয়; এটি গুণগত সংস্কৃতি গড়ে তোলার কেন্দ্রবিন্দু। শিক্ষকবৃন্দের গবেষণায় সক্রিয় অংশগ্রহণ, আন্তর্জাতিক জ্ঞানালে প্রকাশনা বৃদ্ধি এবং শিক্ষাদানে উত্তীবনের মাধ্যমে সমন্বিত প্রচেষ্টায় বাটিবি আন্তর্জাতিক স্বীকৃতি অর্জনে সফল হবে বলে উপাচার্য আশাবাদ ব্যক্ত করেন।

প্রশিক্ষণ প্রোগ্রামে রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. ফারুক এম. শেখ। তিনি বলেন, "জীবনের সিদ্ধান্ত স্থপ ও বাস্তবতার সমন্বয়ে নিতে হয়। ফিজিক্স থেকে ম্যানেজমেন্ট সায়েসে আসার অভিজ্ঞতা তুলে ধরে তিনি জ্ঞান, বহুমাত্রিক শিক্ষা ও মানবিক মূল্যবোধ একজন শিক্ষককে পরিপূর্ণ করেন"। তিনি আরো বলেন, 'শিক্ষার মূল উদ্দেশ্য কেবল জ্ঞান দেওয়া নয়, বরং শিক্ষার্থীদের মনে নেতৃত্ব, আশাবাদ ও ভালো মানুষ হওয়ার আদর্শ গড়ে তোলা, যা ভবিষ্যতে সমাজ পরিবর্তনের শক্তি হয়ে উঠবে'।

প্রশিক্ষণ অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. মোঃ জাকির হোসেন তালুকদার। বাটিবির সাতটি স্কুল থেকে ৪০ জন শিক্ষক এ প্রশিক্ষণ প্রোগ্রামে অংশগ্রহণ করেন।

মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)